**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
রাজস্ব বাজেট শাখা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮-**১৭**

তারিখঃ ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

## " কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২১)"

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর পরিচালন বাজেটের আওতায় ১৬০০১০১-১২০০০১৫১৪ কোডে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম:** এ নীতিমালা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর পরিচালন বাজেটের আওতায় ''শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের অনুদান প্রদান নীতিমালা (সংশোধিত-২০২১)" নামে অভিহিত হবে।

৩। **পরিধি:** এ নীতিমালা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরি বরাদ্দের (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর পরিচালন বাজেট ১৬০০১০১-১২০০০১৫১৪ নং কোডের) ক্ষেত্রে অনুসৃত হবে।

৪। **আবেদন প্রেরণ, গ্রহণ এবং যাচাই-বাছাই প্রক্রিয়া :**

ক) অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

খ) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি যাচাই-বাছাইপূর্বক মঞ্জুরি প্রাপক শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষক/ছাত্র-ছাত্রীর তালিকা চূড়ান্ত করে কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত পেশ করবে।

৫। **কমিটি গঠন :**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি :**

| | | |
|---|---|---|
| ১) | সচিব, কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | -সভাপতি |
| ২) | যুগ্ম-সচিব/উপ-সচিব (প্রশাসন)/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) | -সদস্য |
| ৩) | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি (পরিচালক পর্যায়ের) | -সদস্য |
| ৪) | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি (পরিচালক পর্যায়ের) | -সদস্য |
| ৫) | পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা | -সদস্য |
| ৬) | উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট) | -সদস্য-সচিব |

৬। **অর্থ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাদি :**

ক) শিক্ষা প্রতিষ্ঠান বলতে স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদান প্রাপ্ত/অনুদান বিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বুঝাবে। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়,

প্রতিষ্ঠানকে চাহিদা সম্পন্ন শিক্ষার্থী  বান্ধব পরিবেশ তৈরি করা এবং পাঠাগারের উন্নয়ন কাজের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করতে হবে ;

খ) শিক্ষক বলতে স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা বুঝাবে। শিক্ষকগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরির আবেদন করতে পারবেন ;

গ) ছাত্র-ছাত্রী বলতে স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও স্বীকৃতিপ্রাপ্ত/এমপিওভুক্ত সরকারি বা বেসরকারি কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদেরকে বুঝাবে। তারা দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী , অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী, অনগ্রসর  সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করতে হবে ;

৭। **অর্থ ব্যয়ের পদ্ধতি ও শর্তাদি:**

ক) বরাদ্দ পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রাপ্ত অর্থ খরচ করতে হবে;

খ) অর্থ প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে অর্থ ব্যয় করতে হবে। অর্থ ব্যয়ের ১ (এক) মাসের মধ্যে সম্পাদিত কাজের ছবিসহ অর্থ ব্যয়ের প্রতিবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন দিতে ব্যর্থ হলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠান ভবিষ্যতে আর্থিক অনুদান পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে;

গ) উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন প্রকার অনিয়ম/অব্যবস্থাপনার প্রমাণ পাওয়া গেলে প্রযোজ্য ক্ষেত্রে এমপিও/ব্যবস্থাপনা কমিটি বাতিলসহ বিধি মোতাবেক অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে;

ঙ) - শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করা হবে।

৮। **মঞ্জুরী প্রাপ্ত অর্থের শ্রেণী ভিত্তিক বিভাজন :**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিচালন বাজেটের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরী বাবদ অর্থ নিম্নোক্তভাবে বন্টন করা হবে;

| | | |
|---|---|---|
| ১) | শিক্ষা প্রতিষ্ঠান | ১৫% |
| ২) | শিক্ষক/শিক্ষিকা | ১০% |
| ৩) | শিক্ষার্থী | ৭৫% |

৯। **শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উপবরাদ্দকৃত অর্থের বিভাজন :**

| | | |
|---|---|---|
| ১) | স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠান | ১০% |
| ২) | দাখিল/এসএসসি (ভোক) সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ৪০% |
| ৩) | আলিম/এইচ এসসি (বিএম)/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ৩০% |
| ৪) | ফাযিল ও তদুর্ধ্ব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান | ২০% |

১০। **ছাত্র-ছাত্রীদের জন্য উপবরাদ্দকৃত অর্থের বিভাজন :**

| | | |
|---|---|---|
| ১) | ১ম থেকে ৫ম শ্রেণি | ১০% |
| ২) | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি | ৩০% |
| ৩) | ৯ম ও ১০ শ্রেণি | ৩০% |

| | | |
|---|---|---|
| ৪) | একাদশ ও দ্বাদশ শ্রেণি | ২০% |
| ৫) | স্নাতক ও তদুর্ধ্ব পর্যায় | ১০% |

১১। শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ক্যাটাগরিতে যথোপযুক্ত প্রস্তাব পাওয়া না গেলে ঐ ক্যাটাগরি দু'টির উদ্বৃত্ত অর্থ ছাত্র/ছাত্রীদের মধ্যে বিতরণ করতে হবে।

১২। একক শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার), একজন শিক্ষকের ক্ষেত্রে সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) এবং ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে সর্বোচ্চ (ক) এবতেদায়ীর জন্য ৩,০০০/-(তিন হাজার) টাকা, (খ) দাখিল/এসএসসি (ভোক) সমমানের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার), (গ) আলিম/এইচএসসি (বিএম)/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান জন্য ৬,০০০/-(ছয় হাজার); (ঘ) ফাযিল ও তদুর্ধ্ব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জন্য ৭,০০০/- (সাত হাজার) টাকা মঞ্জুর করা যাবে।

১৩। শিক্ষা প্রতিষ্ঠানের জন্য দেয়া অর্থ এককালীন মঞ্জুরি হিসাবে এবং শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের জন্য প্রদানকৃত অর্থ অনুদান হিসাবে গণ্য হবে।

১৪। বাজেট প্রাপ্তি সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর বাজেট শাখা আবেদন চেয়ে বিজ্ঞপ্তি জারী করবে। বিজ্ঞপ্তির কপি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর ওয়েবসাইটে এবং একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় পত্রিকায় প্রকাশ করতে হবে। বিজ্ঞপ্তির কপি জেলা প্রশাসক এবং জেলা শিক্ষা অফিসারকে প্রেরণ করতে হবে। জেলা শিক্ষা অফিসার জেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

১৫। অনুমোদিত নীতিমালা বাজেট শাখা থেকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর বিভিন্ন অনুবিভাগ, এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থায় এবং জেলা প্রশাসকের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে।

১৬। নীতিমালায় যা থাকুক না কেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় নিজস্ব বিবেচনায় বিশেষ ক্ষেত্রে ছাত্র-ছাত্রী/শিক্ষক-শিক্ষিকা/অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে এ খাত থেকে অর্থ মঞ্জুর করতে পারবে।

১৭। আবেদন/সুপারিশকে অর্থ প্রাপ্তির অধিকার হিসাবে গণ্য করা যাবে না ।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৪/০১/২০২১

(মো: আমিনুল ইসলাম খান)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮-**১৭/১(১৫০)**

তারিখঃ ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:-</u>**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা/কারিগরি-১/২/ উন্নয়ন/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।

৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।

৪. যুগ্মসচিব (প্রশাসন, ব্রাঞ্চ-১/২/কারিগরি/মাদ্রাসা/পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৬. জেলা প্রশাসক, ..............................................................(সকল)।

৭. সহকারী কমিশনার (শিক্ষা), .......................................................(সকল)।

৯. চিফ একাউন্টস্ এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

১০. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (উপরিউক্ত নির্দেশনাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের পদক্ষেপ গ্রহণ করবেন)।

১১. জেলা শিক্ষা অফিসার,...................................................................(সকল)।

১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২৪/১/২০২৩

(সাবিনা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৪৩৬